গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

নং-০৭.১৬১.০০০.০০.১৮.০১৩.২০০৯- ১৬৪

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
০১ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস স্মারক

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদের বেতনস্কেল, ২০১৫।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদের জন্য প্রণীত (চুক্তিভিত্তিক নিয়োজিত জাহাজী কর্মচারী ব্যতীত) বেতনস্কেল, ২০১৫ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হবেঃ

(১) বেতনস্কেলসমূহ ১ জুলাই ২০১৫ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে। বেতনস্কেল কার্যকর হবার তারিখ হতে মহার্ঘ ভাতা বিলুপ্ত হয়েছে বলে গণ্য হবে এবং ১ জুলাই ২০১৫ তারিখ হতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সাথে সমন্বয় করতে হবে;

(২) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এ স্ব-শাসিত সংস্থার কর্মচারীদের ন্যায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদের বেতন নির্ধারিত হবে;

(৩) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জন্য বেতনস্কেল, ২০০৯ এ যিনি যে গ্রেডভুক্ত ছিলেন, নতুন বেতনস্কেলে তাঁর বেতন অনুরূপ (Corresponding Scale) স্কেলে নির্ধারিত হবে;

(৪) ১ জুলাই ২০১৫ তারিখে বেতন নির্ধারণ হবে এবং এ নির্ধারিত বেতন ১ জুলাই ২০১৫ তারিখ হতে প্রদেয় হবে।

(৫) সকল ভাতাদি ৩০ জুন ২০১৫ তারিখের প্রাপ্য অংকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রদেয় হবে; নতুন স্কেলে ০১জুলাই ২০১৬ তারিখ থেকে ভাতা নির্ধারিত হবে;

(৬) ১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে বেতনস্কেল, ২০১৫ অনুসারে যাদের বার্ষিক বেতন বৃদ্ধি হবে, তাঁদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১৫ ডিসেম্বর ২০১৫ নির্ধারণ করতে হবে;

(৭) ৩০ জুন ২০১৫ তারিখে উৎসব ভাতা/বোনাস, চিকিৎসা ভাতা, বাড়িভাড়া ভাতাসহ যে সকল ভাতাদি সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদের জন্য বহাল ছিল, তা বেতনস্কেল, ২০১৫ প্রবর্তনের পরেও ৩০ জুন ২০১৫ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রদেয় হবে;

(৮) উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড সংক্রান্ত বিধানাবলী বিলুপ্তি ও উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রে চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ৬ ও ৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৯) ১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীর বেতন সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে নির্ধারিত হবে এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০১৫ তারিখে নিয়োগ হলে যে হারে প্রাপ্য হতেন সে হারে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত আহরণ করবেন;

(১০) উৎসবভাতাসহ অন্যান্য ভাতাদি ৩০ জুন ২০১৫ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত প্রদেয় হবে এবং ১ জুলাই ২০১৬ তারিখ হতে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শর্ত ও হার অনুযায়ী প্রদেয় হবে;

(১১) ১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে যারা অবসর গ্রহণ করবেন, তাদের আনুতোষিক নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদের বেতনস্কেল, ২০১৫ এর পূর্ণ সুবিধা প্রদেয় হবে এবং বিধি মোতাবেক প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ করা যাবে;

(১২) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদেরকে মাসিক নির্ধারিত অংকে প্রদেয় যে সকল ভাতা ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত বহাল থাকবে, সে সকল ভাতা সরকারি কর্মচারীদের ক্ষেত্রে বৃদ্ধির হারের সাথে সংগতি রেখে ১ জুলাই ২০১৬ তারিখ হতে পুন:নির্ধারণ করতে হবে;

০১/৬/১৬ 29/6/16

মোহাম্মদ আবদুল আউয়াল
(উপ-সচিব পরিচিতি নং-৫৪৯১)
সচিব
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম

চলমান পাতা/০২

(১৩) মূল বেতনের শতকরা হারে প্রদেয় ভাতাদি (যেমনঃ বাড়ি ভাড়া ভাতা) ৩০ জুন ২০১৫ তারিখে প্রাপ্য বিদ্যমান শতকরা হার অপরিবর্তিত থাকবে, তবে ১ জুলাই ২০১৬ তারিখ হতে বেতনস্কেল, ২০১৫ এর মূল বেতনের ভিত্তিতে তা সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শর্ত, হার ও ধাপ অনুযায়ী প্রদেয় হবে;

(১৪) এফ্লোট এস্টাবলিশমেন্ট (জাহাজী) কর্মচারীগণ ৩০ জুন ২০১৫ তারিখে আহরিত ভাতার সমপরিমাণ (প্রাপ্য অংকে) টাকা (মূল বেতনের শতাংশ হিসাবে নয়) প্রাপ্য হবেন;

(১৫) কোন নতুন ভাতা প্রবর্তন করা যাবে না এবং প্রচলিত ভাতার ক্ষেত্র বিস্তৃত করা যাবে না;

(১৬) অভ্যন্তরীণ ভ্রমণের ক্ষেত্রে টিএ/ডিএ এর বর্তমান হার অপরিবর্তিত থাকবে। তবে বদলিজনিত ব্যক্তিগত মালামাল পরিবহণের ক্ষেত্রে ১ কিলোমিটার পরিবহণের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ (দুই) টাকা প্রদেয় হবে এবং প্যাকিং চার্জ বাবদ বিদ্যমান টাকার অংক বলবৎ থাকবে;

(১৭) সকল গ্রেডের কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- টাকা হারে এবং অনধিক ২ সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- টাকা শিক্ষা সহায়কভাতা সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তে প্রদেয় হবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যে কোন এক জনের ক্ষেত্রে গণনা করতে হবে। শিক্ষা সহায়কভাতা বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ (একুশ) বৎসর পর্যন্ত বয়সী সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

(১৮) (১) সকল কর্মচারী আহরিত মূল বেতনের ২০% হারে বাংলা নববর্ষভাতা প্রাপ্য হবেন;
(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাংলা নববর্ষভাতা ১৪২৩ বঙ্গাব্দ হতে প্রবর্তিত হবে;
(৩) বাংলা নববর্ষভাতা পাবার ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নং প্রজ্ঞাপন অনুসরণীয় হবে।

(১৯) প্রচলিত বিধি মোতাবেক কর্মচারীগণ গ্র্যাচুইটি প্রাপ্য হবেন এবং বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মচারীর ছুটি পাওনা সাপেক্ষে ১২ (বারো) মাসের পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি এবং ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়নের সুবিধা ভোগ করবেন;

(২০) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) অদেশ, ২০১৫-এর অনুচ্ছেদ ১৮ অনুযায়ী কর্মচারীগণ উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য হবেন। অনুচ্ছেদ ২১ অনুযায়ী কর্মচারীগণ (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যকর ভাতা প্রাপ্য হবেন;

(২১) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মচারীদেরকে চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) অদেশ, ২০১৫ এর ২৫ অনুচ্ছেদ অনুযায়ী আয়কর প্রদান করতে হবে; এবং

(২২) বাংলাদেশ শিপিং কর্পোরেশনকে বেতনস্কেল, ২০১৫ বাস্তবায়ন বাবদ ব্যয় তাদের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের মাধ্যমে সমন্বয় করতে হবে। এ বাবদ কোন অতিরিক্ত অর্থ সরকার হতে প্রদান করা হবে না।

২। এ মর্মে জারিকৃত আদেশের অনুলিপি অবগতির জন্য অর্থ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনামতে।

মোহাম্মদ আবদুল আউয়াল
সচিব
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম

(মোঃ সামীম আহসান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯২৭৬

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর

এফ্লোট এষ্টাব্লিশমেন্টের (জাহাজী) কর্মচারীদের বেতনস্কেল, ২০১৫

| ক্রঃ নং | পদের নাম | বর্তমান বেতনস্কেল, ২০০৯ (অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত) | নৌ- পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০১৫ | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল, ২০১৫ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মাস্টার/চিফ ইঞ্জিনিয়ার | ৳ ৪৩০০০-১৮৫০×৫-৫২২৫০-২২৫০×৭-৬৮০০০ | ৳ ৮৫০০০-১৩২২১৫ | ৮৪০০০-৮৭১৫০-৯০৪২০-৯৩৮২০-৯৭৩৪০-১০১০০০-১০৪৭৯০-১০৮৭২০-১১২৮০০-১১৭০৩০-১২১৪২০-১২৫৯৮০-১৩০৭১০ |
| ২. | সি. চিফ অফিসার/সি. সেকেন্ড ইঞ্জিনিয়ার (সুপিরিয়র সার্টিফিকেট) | ৳ ৩৪৪০০-১১০০×৩-৩৭৭০০ | ৳ ৬৮৮০০-৭৮৮৩৫ | ৬৭২০০-৬৯৭২০-৭২৩৪০-৭৫০৬০ |
| ৩. | চিফ অফিসার/সেকেন্ড ইঞ্জিনিয়ার (র‍্যাঙ্ক সার্টিফিকেট) | ৳ ২৯৩০০-১০০০×৪-৩৩৩০০ | ৳ ৫৮৬০০-৬৭৯০০ | ৫৭২০০-৫৯৪৯০-৬১৮৭০-৬৪৩৫০-৬৬৯৩০ |
| ৪. | সি. সেকেন্ড অফিসার/সি থার্ড ইঞ্জিনিয়ার (সুপিরিয়র সার্টিফিকেট) | ৳ ২৫০০০-৮৪০×১-২৫৮৪০-৯০০×৩-২৮৫৪০ | ৳ ৫০০০০-৫৮৪৯৫ | ৪৮৮০০-৫১০০০-৫৩৩০০-৫৫৭০০-৫৮২১০ |
| ৫. | সেকেন্ড অফিসার/ থার্ড ইঞ্জিনিয়ার (র‍্যাঙ্ক সার্টিফিকেট) | ৳ ২১০০০-৭০০×৪-২৩৮০০ | ৳ ৪২০০০-৫১০৫৫ | ৪১০০০-৪৩০৫০-৪৫২১০-৪৭৪৮০-৪৯৮৬০ |
| ৬. | সি. রেডিও অফিসার/সি. ইলেক: ইঞ্জিনিয়ার/ মেডিক্যাল অফিসার/ সি. রেফ্রিজেরেশন ইঞ্জিনিয়ার | ৳ ২০৮০০-৬৫০×১৪-২৯৯০০ | ৳ ৪১৬০০-৮২৩৬৫ | ৪০৬০০-৪২৬৩০-৪৪৭৭০-৪৭০১০-৪৯৩৭০-৫১৮৪০-৫৪৪৪০-৫৭১৭০-৬০০৩০-৬৩০৪০-৬৬২০০-৬৯৫১০-৭২৯৯০-৭৬৬৪০-৮০৪৮০ |
| ৭. | থার্ড অফিসার/ ফোর্থ ইঞ্জিনিয়ার (সুপিরিয়র সার্টিফিকেট) | ৳ ১৭০০০-৬২০×৭-২১৩৪০ | ৳ ৩৪০০০-৪৭৮৪৫ | ৩৩২০০-৩৪৮৬০-৩৬৬১০-৩৮৪৫০-৪০৩৮০-৪২৪০০-৪৪৫২০-৪৬৭৫০ |
| ৮. | রেডিও অফিসার/ ইলেক ইঞ্জিনিয়ার/ রেফ্রিজেরেশন ইঞ্জিনিয়ার | ৳ ১৭৮৫০-৬০০×৭-২২০৫০-৭০০×২-২৩৪৫০-৮৫০×৩-২৬০০০ | ৳ ৩৫৭০০-৬৪১১২ | ৩৫০০০-৩৬৭৫০-৩৮৫৯০-৪০৫২০-৪২৫৫০-৪৪৬৮০-৪৬৯২০-৪৯২৭০-৫১৭৪০-৫৪৩৩০-৫৭০৫০-৫৯৯১০-৬২৯১০ |
| ৯. | থার্ড অফিসার/ফোর্থ ইঞ্জিনিয়ার (র‍্যাঙ্ক সার্টিফিকেট)/ মেডিক্যাল অফিসার | ৳ ১৪৪৫০-৫৫০×৫-১৭২০০ | ৳ ২৮৯০০-৩৬৮৮৫ | ২৮২০০-২৯৬১০-৩২০০০-৩৩৬০০-৩৫২৮০-৩৭০৫০ |
| ১০. | ফোর্থ অফিসার/ ফিফথ ইঞ্জিনিয়ার/ জুনিয়র ইলেক ইঞ্জিনিয়ার/ জুনিয়র রেফ্রিজেরেশন ইঞ্জিনিয়ার | ৳ ১২৩০০-৪৭০×৪-১৪১৮০ | ৳ ২৪৬০০-২৯৯০৫ | ২৪০০০-২৫২০০-২৬৪৬০-২৭৭৯০-২৯১৮০ |
| ১১. | পারসার | ৳ ১২৩০০-৪৭০×৪-১৪১৮০ | ৳ ২৪৬০০-২৯৯০৫ | ২৪১০০-২৫৩১০-২৬৫৮০-২৭৯১০-২৯৩১০ |
| ১২. | জুনিয়র ইঞ্জিনিয়ার | ৳ ১২০০০/- (নির্ধারিত) | ৳ ২৪০০০ (নির্ধারিত) | ৳ ২৪০০০ (নির্ধারিত) |
| ১৩ | জুনিয়র রেডিও অফিসার | ৳ ৮৩৫০/- (নির্ধারিত) | ৳ ১৬৭০০ (নির্ধারিত) | ৳ ১৬৭০০ (নির্ধারিত) |
| ১৪ | ক্যাডেট (নটিক্যাল)/ ক্যাডেট (ইঞ্জিনিয়ারিং)/ সহকারী পারসার | ৳ ৭৮০০-৪৭৫×৪-৯৭০০-৫০০×৩-১১২০০ | ৳ ১৫৭৫০-২২১৬০ | ১৫৬০০-১৬৩৮০-১৭২০০-১৮০৬০-১৮৯৭০-১৯৯২০-২০৯২০-২১৯৭০ |

০৭/৬/১৩

সহকারী সচিব

২৭/৪/১৭

মোহাম্মদ আবদুল আউয়াল

(উপ-সচিব পরিচিতি নং-৩৪৯১)

সচিব

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর

শোর অফিস-সমুহের কর্মচারীদের বেতনস্কেল, ২০১৫

| ক্রঃ নং | পদের নাম | বর্তমান বেতনস্কেল, ২০০৯ (অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত) | নৌ- পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০১৫ | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল, ২০১৫ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ব্যবস্থাপনা পরিচালক | টাকা ৩৯৫০০/- (নির্ধারিত) | ৭৮,০০০/- (নির্ধারিত) | টাকা ৭৭,০০০/- (নির্ধারিত) |
| ২. | নির্বাহী পরিচালক | টাকা ৩৩৯০০-১৩৬০x৪-৩৯৩৪০ | ৬৬৮০০-৭৭৪১০ | টাকা ৬৬৪০০-৬৮৮৯০-৭১৪৮০-৭৪১৭০-৭৬৯৬০ |
| ৩. | মহাব্যবস্থাপক | টাকা ৩২৮০০-১১৮০x৫-৩৮৭০০ | ৬৪৩০০-৭৫২৫০ | টাকা ৬৪০০০-৬৬৫৬০-৬৯২৩০-৭২০০০-৭৪৮৮০ |
| ৪. | উপ-মহাব্যবস্থাপক | টাকা ২৬৮০০-১০০০x৮-৩৪৮০০-১২০০x২-৩৭২০০ | ৫২৪০০-৭৪৬২০ | টাকা ৫২২০০-৫৪২৯০-৫৬৪৬০-৫৮৭৩০-৬১০৮০-৬৩৫৩০-৬৬০৮০-৬৮৭৩০-৭১৪৮০-৭৪৩৪০ |
| ৫. | সহকারী মহাব্যবস্থাপক | টাকা ২২২৫০-৯৫০x১১-৩২৭০০ | ৪৩৫০০-৭৪৪৬০ | টাকা ৪৩০০০-৪৪৯৪০-৪৬৯৭০-৪৯০৯০-৫১৩০০-৫৩৬১০-৫৬০৩০-৫৮৫৫০-৬১২০০-৬৩৯৬০-৬৬৮৪০-৬৯৮৫০ |
| ৬. | সহকারী ব্যবস্থাপক ও সম বেতনস্কেলভুক্ত | টাকা ১৮৫০০-৮০০x৫-২২৫০০-ইবি-৯৫০x৭-২৯১৫০ | ৩৬০০০-৬৭৯৬০ | টাকা ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০ |
| ৭. | প্রবেশনার অফিসার | টাকা ১০০০০ (নির্ধারিত) | ২২০০০ (নির্ধারিত) | ২০০০০ (নির্ধারিত) |
| ৮. | সুপারিনটেনডেন্ট ও সমবেতনস্কেলভুক্ত | টাকা ৮০০০-৫৬০x১৮-১৮০৮০ | ১৬৩০০-৩৯০৬০ | টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ |
| ৯. | সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ও সমবেতনস্কেলভুক্ত | টাকা ৫৯০০-৩৮০x৫-৭৮০০-ইবি-৪৫০x৫-১০০৫০-৫২৫x৭-১৩৭২৫ | ১১৫০০-২৭৮২০ | টাকা ১১৩০০-১১৮৭০-১২৪৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০- ২৩৫৮০-২৪৭৬০-২৬০০০-২৭৩০০ |
| ১০. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সম বেতনস্কেলভুক্ত | টাকা ৫২০০-৩২০x১০-৮৪০০-ইবি-৩৪৫x৯-১১৫০৫ | ১০৪০০-২৫১৬০ | টাকা ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০- ২০২৯০-২১৩১০- ২২৩৮০- ২৩৫০০-২৪৬৮০ |
| ১১. | রেকর্ড কিপার ও সম বেতনস্কেলভুক্ত | টাকা ৪৫০০-২৪০x৮-৬৪২০-ইবি-২৬৫x১৪-১০১৩০ | ৯১০০-২২৩১০ | টাকা ৯০০০-৯৪৫০-৯৯৩০-১০৪৩০-১০৯৬০-১১৫১০ ১২০৯০-১২৭০০-১৩৩৪০-১৪০১০-১৪৭২০-১৫৪৬০-১৬২৪০-১৭০৬০-১৭৯২০-১৮৮২০-১৯৭৭০- ২০৭৬০ -২১৮০০ |
| ১২. | অফিস সহায়ক ও সম বেতনস্কেলভুক্ত | টাকা ৪২৫০-২১০x৫-৫৩০০-ইবি-২২০x৫-৬৪০০-২৩০x৮-৮২৪০ | ৮৭০০-২১০৬০ | টাকা ৮৫০০-৮৯৩০-৯৩৮০-৯৮৫০-১০৩৫০-১০৮৭০-১১৪২০-১২০০০-১২৬০০-১৩২৩০-১৩৯০০-১৪৬০০-১৫৩৩০-১৬১০০-১৬৯১০-১৭৭৬০-১৮৬৫০-১৯৫৯০-২০৫৭০ |

০৭/০৬/১৫

মোঃ সামীম আহসান
সহকারী সচিব
... বিভাগ, ... মন্ত্রণালয়
... গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৭/৪/১৫

মোহাম্মদ আবদুল আউয়াল
(উপ-সচিব পরিচিতি নং-৩৪৯১)
সচিব
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম